উদ্ভাবনী ধারণা-১:

০১। **উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম:** Automated Data Migration System for Error Detection, Correction and Data Pumping from Off-line Branch Banking System to Online Branch Banking System.

০২। **উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তা:**

নাম, পদবী ও কর্মস্থল: জনাব মোঃ আবুল কালাম, উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
মোবাইল নম্বর: ০১৭৫৬-৮৬০৭৫৯
ই-মেইল: dgmict@rakub.org.bd

০৩। **উপকারভোগীর বিবরণ:** ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী ও গ্রাহকগণ।

০৪। **উদ্যোগটি কেন গ্রহণ করা হলো:** রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে সিবিএস কার্যক্রম বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। প্রচলিত অফলাইন ব্যাংকিং কার্যক্রমে হতে অনলাইন ব্যাংকিং-এ মাইগ্রেশন করতে বেশ কিছু চ্যালেঞ্জ এর মুখোমুখি হতে হয়। মাইগ্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যাংকের হিসাব সম্পর্কিত বেশ কিছু অসম্পূর্ণ তথ্যাদি পূরণ করা জরুরি হয়ে পরে। স্বল্প সময়ে ব্যাংকে ব্যবহৃত অফলাইন ব্যাংকিং সফটওয়্যারের মাধ্যমে এ সকল তথ্যাদি শতভাগ পূরণ করা সম্ভব হয় না। কম্পিউটার পরিচালনায় স্বল্প জ্ঞানসম্পন্ন কর্মকর্তা-কর্মচারীর পক্ষে শাখা-ব্যাংকিং সফটওয়্যারটিতে প্রবেশ করে নির্দিষ্ট সময়ের মধ্যে অপূরণকৃত তথ্য পূরণ করা কার্যত অসম্ভব একটি ব্যাপার। এ কারণে হিসাবসমূহের অপূরণকৃত অথবা আংশিক পূরণকৃত ডাটাসমূহ সহজে পূরণ করার জন্য একটি সফটওয়্যার আবশ্যক।

০৫। **গৃহীত উদ্যোগের বিবরণ:**

- ✓ স্বল্প সময়ে হিসাবসমূহের তথ্য সহজে পূরণ করা সম্ভব হবে।
- ✓ কোন কোন হিসাবের তথ্য সঠিক নাই/পূরণ নাই তা খুঁজে বের করতে বেশি সময় লাগে।
- ✓ কম্পিউটারে স্বল্প জ্ঞানসম্পন্ন কর্মকর্তা-কর্মচারী সহজে তথ্য পূরণ করতে পারবে।
- ✓ বিশেষ ধরণের অপূরণকৃত তথ্য একইসাথে সংশোধনের জন্য প্রদর্শিত হবে।
- ✓ গ্রাহকের তথ্য, ঋণের তথ্য, ডিডি/টিটি/এমটি এর তথ্য আলাদাভাবে পূরণ করতে পারবে।
- ✓ কতটুকু তথ্যপূরণ বাকি রয়েছে এবং কতটুকু সম্পন্ন হয়েছে তার সার্বিক অবস্থা ড্যাশবোর্ডে প্রদর্শিত হবে।
- ✓ জোন হতে শাখাসমূহের সার্বিক তথ্যের অবস্থা পর্যবেক্ষণের জন্য ড্যাশবোর্ড থাকবে।
- ✓ প্রধান কার্যালয় হতে সকল জোনের তথ্য হালনাগাদের অবস্থা মনিটর করা যাবে।
- ✓ তথ্যপূরণ সম্পন্ন হলে সেটি কেন্দ্রীয়ভাবে সংরক্ষণের জন্য সকল শাখা হতে সম্পূর্ণ নিরাপদ ও নির্ভুলভাবে প্রধান কার্যালয়ের সার্ভারে প্রেরণের ব্যবস্থা থাকবে।
- ✓ শাখা হতে প্রাপ্ত তথ্যাদি সহজে অনলাইন ডাটাবেজে মাইগ্রেশনের জন্য দুই ডাটাবেজের মধ্যে গাঠনিক মিল থাকবে।

০৬। **উদ্ভাবনী উদ্যোগের প্রত্যাশিত প্রভাব/ফলাফল:**

(একটি শাখার জন্য হিসাব)

	সময় (T)	খরচ (C)	যাতায়াত (V)
বিদ্যমান সিস্টেম	৬ মাস	১০০০-১০০০০ টাকা	২-১০ বার
উদ্ভাবনী সিস্টেম	১৫ দিন	প্রকৃত ইন্টারনেট খরচ	-
পার্থক্য	৫.৫ মাস	১০০০-১০০০০ টাকা	২-১০ বার

০৭। **গুণগত পরিবর্তন:**

- ✓ যে কোন সময় যে কোন স্থান হতে সরাসরি ব্যাংক কর্তৃপক্ষ কাংখিত শাখার তথ্যে হালনাগাদের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করতে পারবেন;
- ✓ তথ্য হালনাগাদ কার্যক্রম নিবিঢ়ভাবে পর্যবেক্ষণ করা সম্ভব;
- ✓ যথাসময়ে কাংখিত অনলাইন সফটওয়্যার বাস্তবায়নে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ;
- ✓ ব্যাংকের হিসাবের তথ্য ভান্ডার সুসম্পন্ন ও সমন্বয়করণ;
- ✓ ব্যাংকিং কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণ।

০৮। **উদ্ভাবনী উদ্যোগটি Replication/Scale up এর সম্ভাবনা:** নতুন ব্যাংকে কর্মসূচীটি সম্প্রসারণ করা যেতে পারে।

০৯। **সম্ভাব্য ঝুঁকি:** নিজস্ব ব্যবস্থাপনায় উন্নয়নকৃত হওয়ায় কোন ঝুঁকি নাই।

উদ্ভাবনী ধারণা-২:

০১। **উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম:** Real-TIme SMS Banking Service in Offline Banking System of RAKUB.

০২। **উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তা:**

নাম, পদবী ও কর্মস্থল: জনাব মোঃ আবুল কালাম, উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী
মোবাইল নম্বর: ০১৭৫৬-৮৬০৭৫৯
ই-মেইল: dgmict@rakub.org.bd

০৩। **উপকারভোগীর বিবরণ:** ব্যাংকের সকল গ্রাহক।

০৪। **উদ্যোগটি কেন গ্রহণ করা হলো:**

বর্তমানে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সকল শাখা (৩৮২টি) শাখা-ব্যাংকিং সফটওয়্যারের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম (অফ-লাইন ব্যাংকিং) পরিচালিত হচ্ছে। Centralized System/Online Banking System না থাকায় ব্যাংকের গ্রাহকগণকে real-time এ লেনদেন সংক্রান্ত তথ্য জানানো সম্ভব হয় না। এছাড়া গ্রাহকের হিসাবের স্থিতি ও এতদসংক্রান্ত তথ্য জানতে সংশ্লিষ্ঠ শাখায় উপস্থিত হতে হয়। ফলে, গ্রাহকগণ ব্যাংকিং সেবা গ্রহণে অধিক সময় ও অর্থ খরচের পাশাপাশি হয়রানির শিকার হয়। এমতাবস্থায়, ব্যাংকের জন্য এসএমএস ব্যাংকিং এর মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদান আইডিয়াটি যথোপযুক্ত।

০৫। **গৃহীত উদ্যোগের বিবরণ:**

- ✓ ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় উন্নয়নকৃত Real-TIme SMS Banking in Offline Branches of RAKUB প্রধান কার্যালয়ের ডাটাসেন্টারে deployment.
- ✓ প্রতিটি শাখার সার্ভারে প্রধান কার্যালয়ের ডাটাসেন্টারের সংগে লিংক স্থাপন;
- ✓ লেনদেন সংঘটিত হওয়ার সংগে সংগে সংশ্লিষ্ট গ্রাহকের মোবাইল নম্বরে এসএমএস প্রদান;
- ✓ গ্রাহক তার চাহিদা মোতাবেক তাঁর হিসাব নম্বরের স্থিতি জানতে পারবেন এবং mini statement সংগ্রহ করতে পারবেন।

০৬। **উদ্ভাবনী উদ্যোগের প্রত্যাশিত প্রভাব/ফলাফল:**

	সময় (T)	খরচ (C)	যাতায়াত (V)
বিদ্যমান সিস্টেম	১ দিন	১০-১০০ টাকা	১ বার
উদ্ভাবনী সিস্টেম	রিয়েল টাইমে তথ্য সংগ্রহ	১ টাকা	-
পার্থক্য	১ দিন	৯-৯৯ টাকা	১ বার

০৭। **গুণগত পরিবর্তন:**

- ✓ প্রচলিত পদ্ধতিতে ব্যাংকিং সেবা গ্রহণের জন্য গ্রাহকগণকে ব্যাংকের শাখায় উপস্থিত হতে হয়। অফিস কার্য দিবস ও অফিস টাইমের পর ব্যাংকিং সেবা গ্রহণ করা সম্ভব হয় না। উদ্ভাবনী সিস্টেমের মাধ্যমে সে কোন স্থান হতে সপ্তাহে ৭দিন ২৪ ঘন্টা ব্যাংকিং সেবা গ্রহণ করা সম্ভব হয়।
- ✓ ব্যাংকিং কার্যক্রমে গতিশীলতা আনয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ;
- ✓ গ্রাহক সেবার মান উন্নয়ন।

০৮। **উদ্ভাবনী উদ্যোগটি Replication/Scale up এর সম্ভাবনা:** পর্যায়ক্রমে অন্যান্য ব্যাংকে কর্মসূচীটি সম্প্রসারণ করা যেতে পারে।

০৯। সম্ভাব্য ঝুঁকি: নিজস্ব ব্যবস্থাপনায় উন্নয়নকৃত হওয়ায় কোন ঝুঁকি নাই।